



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৩৭৬/৩৭.১১.৮০৮১.৫০১.০১.৬.২০.৯১৫৬

তারিখ: ৩০-০৩-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২০-০৩-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৩৭৮৮)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটি বিধি বহিস্তৃতভাবে গঠন করা হয়েছে মর্মে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মো: শাহজাহান আলী একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বে নিম্নস্থান কার্যকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩০-০৩-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহমদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা প্রশাসক
যশোর।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি

নথি নং-বিঅ-৬/৬৩৭৬/৩৭.১১.৮০৮১.৫০১.০১.৬.২০.৯১৫৬ (৬)

তারিখ: ৩০-০৩-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ২। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর।
- ৪। প্রধান শিক্ষক, বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, বুড়িহাটী, কেশবপুর, যশোর।
- ৫। অভিযোগকারী, জনাব মো: শাহজাহান আলী (০১৭১৫-৯৭৩০১৫), বুড়িহাটী, কেশবপুর, যশোর।
- ৬। অফিস নথি।

৩০-০৩-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়

স্থাপিত- ১৯৮৫ ইং।

ডাকঘর- বুড়িহাটী, উপজেলা-কেশবপুর, জেলা-যশোর।

স্কুল কোড়ঃ ৬৩৭৬, ভোকেশনাল কোড়ঃ ৩৩০২৯, ইন নং- ১১৫৮৫০, মোবাঃ ০১৭১৫৯৭৩০১৫

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড,
যশোর।

**বিষয় : কেশবপুর উপজেলার বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে বিধি বহির্ভূতভাবে গঠিত নিয়মিত ম্যানেজিং কমিটি
বাতিলের আবেদন প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহিত বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ শাহজাহান আলী, প্রধান শিক্ষক, বুড়িহাটী
মাধ্যমিক বিদ্যালয়, কেশবপুর, যশোর। উক্ত বিদ্যালয়ে বিধি বহির্ভূত ভাবে জনাব শাহিন চাকলাদার, এমপি মহোদয়
এডহক কমিটি গঠনের লক্ষ্যে ০৮/০৮/২০২১ ইং তারিখে মসলেম উদীনকে কে সুপারিশপত্র প্রদান করেন। উক্ত কমিটি
অনুমোদন হওয়ার আগেই ০৯/১০/২০২১ ইং তারিখে সভাপতি জনাব মসলেম উদীন আমার উপরে ব্যক্তি আক্রমণের
বশভূত হয়ে কোন কারণ দর্শনোর নোটিশ ছাড়াই আমাকে সাময়িক বরখাস্ত করেন এবং ১৩/১০/২০২১ ইং তারিখে
যশোর শিক্ষাবোর্ড আহ্বানক কমিটিকে অনুমোদন করেন। নিয়ম বহির্ভূত ভাবে আমাকে বরখাস্ত করায় আমি এডহক
কমিটির বৈধতা চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে একটি মামলা করি, যার নং- ৯২১৬/২১। বিজ্ঞ আদালত এডহক কমিটি
সকল কার্যক্রম স্থগিত করেন। এছাড়াও সভাপতি মহোদয় এডহক কমিটি অনুমোদনের জন্য নিজেই নিম্ন আদালতে একটি
মামলা দায়ের করেন, যার নং- ৫৪১/২১।

আদালতের নিষেধাজ্ঞা উপেক্ষা করে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে তড়িঘড়ি করে গোপনে তফসিল
ঘোষণা করেন, যা বিধিবহির্ভূত। কারণ নির্বাচন পরিচালনার জন্য ১ম শ্রেণির একজন কর্মকর্তাকে প্রিজাইডিং অফিসার
নিয়োগ দিতে হয় এই মর্মে বোর্ড কর্তৃক প্রজ্ঞাপন জারি আছে। কিন্তু নির্বাচন পরিচালনার জন্য একজন একাডেমিক
সুপারভাইজার জনাব তোরাবুল ইসলাম কে নিয়োগ দিয়ে খসড়া ও চূড়াস্ত ভোটার তালিকা নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি না দিয়ে
নির্বাচনী কার্য সমাপ্ত করেন। তাছাড়া এডহক কমিটির ০২ (দুই) জন সদস্যকে কোন কিছু না জানিয়ে শুধুমাত্র ভারপ্রাপ্ত
প্রধান শিক্ষক ও সভাপতি কারসাজি করে বিধি বহির্ভূতভাবে সকল কার্যক্রম সম্পন্ন করেছেন।

এছাড়াও উক্ত কমিটি যাতে অনুমোদন দেওয়া না হয় তার জন্য আমি যশোর শিক্ষাবোর্ড সহ বিভিন্ন দণ্ডে
১১/১২/২০২১ ইং তারিখে আবেদন করি। তারপরও যশোর শিক্ষাবোর্ড আমার আবেদন ও হাইকোর্টের একাধিক মামলা
কে উপেক্ষা করে গত ০৬/০১/২০২২ তারিখে অবৈধ নিয়মিত কমিটিকে অনুমোদন দেওয়া হয়। এরপর সভাপতি মহোদয়
আমাকে চূড়াস্ত বরখাস্ত করার জন্য কারণ দর্শনোর নোটিশ করেন এবং বিদ্যালয়ের কয়েকটি পদে নিয়োগ দেওয়ার জন্য
মাননীয় এমপি মহোদয়ের নাম ভাঙ্গিয়ে নিয়োগে অর্থ বাণিজ্য করতে থাকে। সভাপতি মহোদয় কমিটির অন্যান্য সদস্যদের
কোন কিছু না জানিয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সভাপতির যোগসাজশে বিধি বহির্ভূত ভাবে সকল কার্যক্রম করে চলেছে।
যা উক্ত বিদ্যালয়ের ভবিষ্যতের জন্য ক্ষতির কারণ হতে পারে।

অতএব, হজুর সমীপে আকুল আবেদন এই যে, বিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ণ রাখতে বর্তমান দূর্নীতি পরায়ণ
সভাপতির কার্যক্রম বন্ধ ও বিধি বহির্ভূত নিয়মিত কমিটি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়ের একান্ত
মর্জি হয়।

তারিখঃ

বিনীত নিবেদক

২৮/১/২২

(মোঃ শাহজাহান আলী)

প্রধান শিক্ষক

বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়

কেশবপুর, যশোর।